# মা–বাবার কবর জিয়ারতে নির্বাচনী প্রচারণা শেষ তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীতে টানা দুই দিনে ১৫টি জনসভা করার পর মা–বাবার কবর জিয়ারত করে নির্বাচনী প্রচারণা শেষ করেছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান।

সোমবার (৯ ফেব্রুয়ারি) রাতে শেরেবাংলা নগরের জিয়া উদ্যানে গিয়ে তিনি বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার কবর জিয়ারত করেন। এর মাধ্যমেই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে তার প্রচারণা কার্যক্রমের সমাপ্তি ঘটে।

এর আগে, গত ২২ জানুয়ারি সিলেট থেকে আনুষ্ঠানিকভাবে প্রচারণা শুরু করেন তারেক রহমান। সূচনালগ্নে তিনি হযরত শাহজালাল (রহ.) ও হযরত শাহপরান (রহ.)-এর মাজার জিয়ারত করেছিলেন।

LENS ASIA